দৈনিক ইত্তেফাক

তারিখ .. 17 FEB 2008 ..
পৃষ্ঠা - ১৬ - কলাম ৭

# তিন হাজার শিক্ষা প্রতিষ্ঠানের এমপিও বাতিল হচ্ছে

॥ বিল্লাল বিন কাশেম ॥

খারাপ ফলাফল করার কারণে মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক এবং ডিগ্রি পর্যায়ের প্রায় ৩ হাজার শিক্ষা প্রতিষ্ঠানের এমপিও বাতিল হচ্ছে। শিক্ষা মন্ত্রণালয় ইতিমধ্যে এ নিয়ে প্রাথমিক কাজ শুরু করেছে। জানা গেছে, ২০০৭ সালে শিক্ষা মন্ত্রণালয় শিক্ষা প্রতিষ্ঠানের পাসের হার নির্ধারণ করেছিল। তার ভিত্তিতেই এ ব্যবস্থা নেয়া হচ্ছে।

শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, মাধ্যমিক স্তরে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় খারাপ ফলাফল করায় ৮৩৪টি স্কুল এবং দাখিল পরীক্ষায় খারাপ ফলাফলের জন্য ১৪৫১টি মাদ্রাসাকে কারণ দর্শাও নোটিস প্রদান করা হয়েছে। ইতিমধ্যে এসব নোটিসের জবাবও দেয়া শুরু হয়েছে। এদিকে কলেজ পর্যায়ে খারাপ ফলাফলের জন্য ৪৮৯টি শিক্ষা প্রতিষ্ঠানের এমপিও বাতিলের জন্য কারণ দর্শাও নোটিস প্রদান করা হয়েছে। উচ্চ মাধ্যমিক পরীক্ষায় (১৫শ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## তিন হাজার শিক্ষা প্রতিষ্ঠান

(১৬শ পৃঃ পর)

খারাপ ফলাফলের জন্য ১৮০টি কলেজ, ডিগ্রি পরীক্ষায় খারাপ ফলের জন্য ৬৮টি ডিগ্রি কলেজ, এসএসসি ভোকেশনাল পরীক্ষায় খারাপ ফলাফলের জন্য ২৮টি কারিগরি স্কুল, এইচএসসি ব্যবসা ব্যবস্থাপনা বিষয়ে খারাপ ফলাফলের জন্য ১৭৪টি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান, আলিম পরীক্ষায় খারাপ ফলাফলের জন্য ১৪টি মাদ্রাসা এবং ফাজিল পরীক্ষায় খারাপ করার জন্য ২৫টি মাদ্রাসাকে কারণ দর্শানোর নোটিস জারি করা হয়েছে। ১৫ দিনের মধ্যে এসব শিক্ষা প্রতিষ্ঠানকে কারণ দর্শানোর নোটিসের জবাব দিতে বলা হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, নোটিসের জবাব আসার পর আগামী এক মাসের মধ্যেই এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত হবে। যেসব শিক্ষা প্রতিষ্ঠানে শূন্য থেকে চার এর কম শিক্ষার্থী পাস করেছে তাদের এমপিও বাতিল হবে। এবিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের নাম প্রকাশে অনিচ্ছুক এক কর্মকর্তা বলেন, বিগত পরীক্ষায় খারাপ ফলাফলকারী শিক্ষা প্রতিষ্ঠানের কাছে কারণ দর্শানোর নোটিস প্রদান করা হয়েছে। তবে তাদের এমপিও কবে নাগাদ বাতিল করা হবে সে ব্যাপারে এখনও কোন সিদ্ধান্ত হয়নি।